



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৯৬.১৬.০২৩.২২(অংশ-১)-৩২৮

তারিখঃ ১৬ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
৩১ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ


বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির প্লাস (ইজিপিপি+)” ১ম ও ২য় পর্যায়ের বরাদ্দকৃত অর্থের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ।

- সূত্র : ১. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০৯৬.০২৩.২২.১৭১, তারিখ : ২৯.০৫.২০২২ খ্রি।
২. দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং ৫১.০১.০০০০.০৯৬.০২৩.২২(অংশ-১)-৩০৫, তারিখ : ০৩.০৭.২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ অর্থ বছরে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি+)” কর্মসূচি বাস্তবায়নের সময় শেষ হয়েছে। “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি+)” কর্মসূচির ১ম ও ২য় পর্যায়ের সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রোক্ত ১ ও ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি তার উপজেলা হতে ও পর্যায়ের সমাপ্তি প্রতিবেদন পাওয়া যায়নি। ফলে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের এপিএর মান মূল্যায়নে বার্ষিক প্রতিবেদনের চাহিত তথ্যাদি প্রেরণ করা সম্ভব হচ্ছে না।

২। এ ছাড়া উল্লেখ্য যে, ২০২২-২০২৩ অর্থ বছরের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি প্লাস (ইজিপিপি+)” কর্মসূচি যথাসময়ে বাস্তবায়নের নিমিত্ত বাজেট বিভাজন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অতিশীঘ্রই ২০২২-২০২৩ অর্থ বছরের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি+)” কর্মসূচির বাজেট বিভাজন অনুমোদন পাওয়া যাবে।

৩। এমতাবস্থায়, নির্ধারিত ছকে (ছক নং ৩২) ২০২১-২০২২ অর্থ বছরের ১ম ও ২য় পর্যায়ের “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)” ও “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি+)” কর্মসূচি বাস্তবায়ন সমাপ্তি প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে আগামী ০৭.০৮.২০২২ খ্রি. তারিখের মধ্যে বিশেষ বাহক মারফত অত্র অধিদপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।


(মো: নায়েম আলী)

উপপরিচালক (কাবিখা-৩)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোন : ৮৮০-২৪৮৮১০৯৯০

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

.....জেলা-.....।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

- ১। প্রকল্প পরিচালক, SMoDMRPA, মহাখালী, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট সকল),
- ৩। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল),
- ৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল)....., জেলা-.....।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। পরিচালক (কাবিখা) এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৮। অফিস কপি।